**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-06-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

........................................................................

**PMO, PM :**

দায়িত্বভার গ্রহণ করে প্রধানমন্ত্রীর দপ্তরের আধিকারিক এবং কর্মীদের উদ্দেশে ভাষণে দিতে গিয়ে গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, প্রধানমন্ত্রীর দপ্তরকে একটি সেবা প্রতিষ্ঠান এবং মানুষের দপ্তর হিসেবে গড়ে তোলার উপর জোর দেওয়া হয়েছে প্রথম থেকেই। তিনি বলেন, সরকার মানে ক্ষমতা, নিষ্ঠা এবং সংকল্পের নতুন প্রাণশক্তি এবং তিনি বিশ্বাস করেন যে প্রধানমন্ত্রীর দপ্তর নিষ্ঠার সঙ্গে মানুষের কাজ করার জন্য নিবেদিত। তিনি আরও বলেন, আমাদের সামনে প্রধান কাজ সকলে মিলে ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য অর্জন করা।

********************

**Union Cabinet portfolio -1 :**

নবগঠিত কেন্দ্রীয় মন্ত্রিসভার সদস্যদের মধ্যে দপ্তর বন্টন করা হয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির হাতে থাকবে পার্সোনাল বিষয়ক, পাবলিক গ্রিভেন্স এন্ড পেনশন, আনবিক শক্তি, মহাকাশ, বিভিন্ন গুরুত্বপূর্ণ নীতি বিষয়ক এবং যে সমস্ত দপ্তর বন্টন করা হয়নি সেইসব দপ্তর ।

মন্ত্রী রাজনাথ সিং পেয়েছেন প্রতিরক্ষামন্ত্রক, অমিত শাহ স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রক । নির্মলা সীতারমন অর্থ মন্রক । ডঃ এস জয়শঙ্কর বিদেশ মন্ত্রক । নিতিন গড়করি সড়ক পরিবহন ও মহাসড়ক এবং ধর্মেন্দ্র প্রধান শিক্ষামন্ত্রকের দায়িত্ব পেয়েছেন। পীযূষ গোয়েল বাণিজ্য ও শিল্প, জে.পি. নাড্ডা স্বাস্থ্য এবং রাসায়নিক ও সার মন্ত্রক, শিবরাজ সিং চৌহান কৃষি ও গ্রামীণ উন্নয়ন । অশ্বিনী বৈষ্ণব রেল মন্ত্রকের সঙ্গে তথ্য ও সম্প্রচার মন্ত্রকের দায়িত্বে থাকবেন।

মনোহর লাল খট্টর আবাসন ও নগর বিষয়ক এবং বিদ্যুৎ মন্ত্রক, কিরেন রিজিজু সংসদীয় বিষয়ক মন্ত্রক, অন্নপূর্ণা দেবীকে নারী ও শিশু উন্নয়ন মন্ত্রকের দায়িত্ব দেওয়া হয়েছে। চিরাগ পাসওয়ান খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মন্ত্রক, জ্যোতিরাদিত্য সিন্ধিয়া যোগাযোগ এবং ডোনার মন্ত্রকের দায়িত্বে থাকবেন । এইচডি কুমারস্বামীকে ভারী শিল্প ও ইস্পাত মন্ত্রকের দায়িত্ব দেওয়া হয়েছে।

জিতেন রাম মাঝি MSME, সর্বানন্দ সোনোয়াল নৌপরিবহন, বন্দর এবং জলপথ মন্ত্রক । রাজীব রঞ্জন সিং পঞ্চায়েতি রাজ, প্রহ্লাদ জোশী ভোক্তা বিষয়ক, গিরিরাজ সিং বস্ত্র, ভূপেন্দ্র যাদব পরিবেশ, হরদীপ সিং পুরি পেট্রোলিয়াম এবং মনসুখ মান্ডাভিয়া

শ্রম ও ক্রীড়া মন্ত্রকের দায়িত্বে থাকবেন। অর্জুন রাম মেঘওয়ালকে স্বাধীনভাবে আইন মন্ত্রকের দায়িত্ব দেওয়া হয়েছে। জি. কিশেন রেড্ডি কয়লা এবং রামমোহন নাইডু অসামরিক বিমান পরিবহণ মন্ত্রকের দায়িত্ব পালন করবেন।

ডঃ জিতেন্দ্র সিং স্বাধীন দায়িত্ব হিসাবে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী হিসেবে কাজ করবেন।

***********************

**New Cabinet Decision :**

নবগঠিত কেন্দ্রীয় মন্ত্রিসভার প্রথম বৈঠকে গতকাল দেশের গ্রাম ও শহরাঞ্চলে আরও ৩ কোটি বাড়ি নির্মাণে সহায়তাদানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যোগ্য পরিবারগুলির সংখ্যা বৃদ্ধির কারণে আবাসনের বর্ধিত চাহিদা মেটানোর দিকে নজর রেখেই প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে আয়োজিত মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়।

প্রধানমন্ত্রী আবাস যোজনার আওতায় নির্মিত বাড়িগুলিতে কেন্দ্র ও রাজ্য সরকারি প্রকল্পের মধ্যে সমন্বয়ের মাধ্যমে শৌচাগার, বিদ্যুৎ সংযোগ, নলবাহিত জল সংযোগ, রান্নার গ্যাসের সংযোগ প্রভৃতি প্রাথমিক সুবিধার সংস্থান করা হয়।

গত ১০ বছরে এই প্রকল্পে মোট ৪ কোটি ২১ লক্ষ বাড়ি নির্মিত হয়েছে।

**********************

**Panchayet Election :**

রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী বলেছেন, ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচন প্রক্রিয়া আগস্টের প্রথম সপ্তাহের মধ্যেই শেষ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। গতকাল নির্বাচন দপ্তরে শ্রী চৌধুরী জানান, নির্দিষ্ট সময়ে পঞ্চায়েত ভোট করতে ইতিমধ্যেই যাবতীয় প্রস্তুতি নেওয়া হয়েছে। মোট ৩৫টি ব্লকে ২৬৫০টি পোলিং স্টেশন চিহ্নিত করা হয়েছে। তিনি জানান, পঞ্চায়েত ভোটের জন্য প্রকাশিত খসড়া ভোটার তালিকায় মোট ১২ লক্ষ ৯৫ হাজার ৯৬ জন ভোটার রয়েছেন। দাবি ও আপত্তি নিষ্পত্তির পর আগামী ২৪ জুন চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে। শ্রী চৌধুরী জানান, আটটি জিলা পরিষদ, ৩৫টি পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েতে ৬ হাজার ৩৭০টি আসনের জন্য ভোট নেওয়া হবে।

**********************

**NEET-UG :**

সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষায় (NEET-UG) সাধারণ ও তপশিলি জাতি উভয় ক্ষেত্রেই প্রথম স্থান অর্জনকারী রাজ্যের কৃতি সন্তান চাঁদ মল্লিকের সাথে একান্ত সাক্ষাত করলেন মুখ্যমন্ত্রী প্রফেসর

ডাঃ মানিক সাহা। গতকাল এই কৃতি ছাত্রকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান মুখ্যমন্ত্রী। সাক্ষাতকালে চাঁদ মল্লিককে উত্তরীয় পরিয়ে স্বাগত জানান তিনি। এর পাশাপাশি তার হাতে উপহার তুলে দেন ডাঃ সাহা।

সেইসঙ্গে মেধাবী ছাত্র চাঁদ মল্লিকের অসামান্য সাফল্যের জন্য তার ভুয়সী প্রশংসা করেন মুখ্যমন্ত্রী। সারা রাজ্যের ছাত্র সমাজ তার পথচলা থেকে অনুপ্রাণিত হবে বলেও আশা প্রকাশ করেন মুখ্যমন্ত্রী।

*******************

**Courtsey meet :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ গতকাল নতুন দিল্লিতে কেন্দ্রীয় বিদ্যুৎ এবং নগরায়ন মন্ত্রকের নবনিযুক্ত মন্ত্রী মনোহর লাল খাট্টারের সাথে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে মন্ত্রী শ্রী নাথ কেন্দ্রীয় বিদ্যুৎ ও নগরায়ন মন্ত্রীকে শুভেচ্ছা জানান। তিনি বলেন, শ্রী খাট্টারের দীর্ঘ অভিজ্ঞতা এবং দক্ষতা বিদ্যুৎ ও নগরায়ন মন্ত্রককে এক নতুন দিশায় উন্নীত করবে। তাছাড়া, সাংসদ বিপ্লব কুমার দেবের সাথে সাক্ষাৎ করে শুভেচ্ছা জানান তিনি ।

************************

**Food Minister-Paddy procurement :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্য সরকারের খাদ্য দপ্তর অন্যান্য মরসুমের মতো চলতি খারিফ মরসুমে ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয় করার সিদ্ধান্ত নিয়েছে। গতকাল মহাকরনে এক সাংবাদিক সম্মেলনে মন্ত্রী শ্রী চৌধুরী বলেন, আগামী ১৫ই জুন থেকে ২১ টাকা ৮৩ পয়সা প্রতিকেজি মূল্যে ১৫ হাজার মেট্রিকটন ধান ক্রয় করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি বলেন, ৩১টি ব্লকে ধান ক্রয় কেন্দ্র থাকবে।

**********************

**ADMISSION NOTICE :**

রাজ্যে ডিগ্রী কলেজগুলোতে ভর্তির জন্য Online আবেদনপত্রের সময়সীমা বাড়িয়ে আগামী ১৫ ই জুন পর্যন্ত করা হয়েছে । উচ্চশিক্ষা অধিকর্তা এক বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানিয়েছেন । আগামী ২২শে জুন ভর্তির মেরিট লিস্ট প্রকাশিত হবে । আগামী ২৪শে জুলাই থেকে পঠনপাঠন শুরু হবে ।

*******************

**Mission 555 :**

গুল্ম জাতীয় বা সবুজ গাছ লাগিয়ে স্কুলের সীমানা প্রাচীর নির্মানের অভিনব এক উদ্যোগ নিল রাজ্য সরকারের বিদ্যালয় শিক্ষা দপ্তর। মিশন ৫৫৫ নামে এই উদ্যোগে একদিকে যেমন সবুজের সমারোহ বাড়বে তেমনি পরিবেশ রক্ষা ও স্কুলের সুরক্ষা বাড়বে। বায়ো ফেন্সিং বা গ্রিন ফেন্সিং-এর উদ্দেশ্যে, উচ্চ ও উচ্চ মাধ্যমিক এমন ৫৫৫ টি স্কুল বেছে নেওয়া হয়েছে যে সমস্ত স্কুলে সীমানা প্রাচীর নেই । বিদ্যালয় শিক্ষা দপ্তর থেকে জানানো হয় শিক্ষা আধিকরীকরা এই মিশন সম্পূর্ণ করতে স্কুল পরিদর্শন করবেন আজ ও আগামী ২০ শে জুন। আগামী ৩০ শে জুনের মধ্যে মিশন ৫৫৫ সম্পূর্ণ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে বলে জানানো হয়।

*********************

**DRUG SEIZED :**

উত্তর জেলার দামছড়া থানার পুলিশ গতকাল একটি গাড়ি আটক করে নিষিদ্ধ মাদকদ্রব্য সহ দুই ব্যক্তিকে আটক করে । সন্দেহ করা হচ্ছে, গাড়িতে করে মিজোরাম থেকে মাদকদ্রব্য হেরোইন পাচার করা হচ্ছিল । মাদকদ্রব্যের আনুমানিক মূল্য ২৫ কোটি টাকা হবে বলে ধারণা করা হচ্ছে। জেলা পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী পুলিশের এই সাফল্যের কথা জানান ।

******************

**WEATHER :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত মেঘলা থাকবে । বজ্র বিদ্যুত সহ দু`এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । রাজ্যের কোথাও কোথাও ঝড়ো হাওয়াও বয়ে যেতে পারে বলে সতর্কবার্তা দেওয়া হয়েছে । আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ০.৮ মিলিমিটার । আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৮ ডিগ্রী সেলসিয়াস । দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রী সেলসিয়াস।

******************

**********************